# Times Today BD

মো. কামরুজ্জামান | ক্যাম্পাস | 20 April, 2025

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে (রাবি) কনফুসিয়াস ইনস্টিটিউট প্রতিষ্ঠার লক্ষ্যে আজ রবিবার একটি চুক্তি স্বাক্ষরিত হয়েছে।ঢাকায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের নবাব আলী চৌধুরী সিনেট ভবনে অনুষ্ঠিত ‘চীন-বাংলাদেশ পিপল-টু-পিপল এক্সচেঞ্জ ইয়ার: ইউনান শিক্ষা ও স্বাস্থ্যসেবা প্রচার’ শীর্ষক অনুষ্ঠানে এই চুক্তি স্বাক্ষর হয়।

চুক্তিতে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের পক্ষে স্বাক্ষর করেন উপ-উপাচার্য (শিক্ষা) প্রফেসর মোহা. ফরিদ উদ্দীন খান।এ সময় উপস্থিত ছিলেন অফিস অব দ্য ইন্টারন্যাশনাল অ্যাফেয়ার্সের পরিচালক প্রফেসর মুহাম্মদ সাজ্জাদুর রহিম।

এই চুক্তির মাধ্যমে রাবিতে একটি পূর্ণাঙ্গ কনফুসিয়াস ইনস্টিটিউট প্রতিষ্ঠার পথ প্রশস্ত হলো, যা শিক্ষার্থীদের ভাষা ও সংস্কৃতি বিষয়ক আন্তর্জাতিক জ্ঞান অর্জনের সুযোগ করে দেবে।

কনফুসিয়াস ইনস্টিটিউট

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 16:50

URL: https://www.timestodaybd.com/campus/7758071154